দৈনিক সংবাদ

১৪

তারিখ ... DEC 20 1999
পৃষ্ঠা ১২ কলাম 2

## নীল-সাদা সরাসরি প্রতিদ্বন্দ্বিতা হবে

# কাল ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন

কৈলাস সরকার ॥ আগামীকাল মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যকরী পরিষদের ১৫টি পদের বার্ষিক নির্বাচন। নির্বাচনকে ঘিরে দীর্ঘদিনের লবিং-গ্রুপিং এবং নির্বাচনী তৎপরতা নিয়ে শিক্ষকরা সার্বক্ষণিকভাবে ব্যস্ত রয়েছেন। এবারের নির্বাচনে আওয়ামী লীগ সমর্থিত 'নীল' এবং বিএনপি ও জামাত সমর্থিত 'সাদা' প্যানেল প্রতিদ্বন্দ্বিতা করছে। নিরপেক্ষতার দাবিদার ও বিলুপ্ত-প্রায় 'গোলাপী' প্যানেল এবারো নির্বাচনে অংশ নিচ্ছে না। তবে তাদের সমর্থন ভাগাভাগি হচ্ছে বলে জানা গেছে।

বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানের পর শিক্ষকদের বর্তমান ব্যস্ততা এই নির্বাচন। সমাবর্তন নিয়ে শিক্ষকদের মধ্যে বিতর্কের কারণে নির্বাচনের গুরুত্ব আরো বেড়েছে। প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রেও এবার উভয় প্যানেল অধিক গুরুত্ব দিয়েছে। নির্বাচনকে নিয়ে উভয় প্যানেলের শিক্ষকরা এখন ভোটার শিক্ষকদের বাসায় বাসায়, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাব, টিচার্স লাউঞ্জ মাতিয়ে রেখেছেন। উভয় প্যানেলের এই তৎপরতায় শিক্ষকদের মধ্যে এখন নির্বাচনী হাওয়া বইছে।

গত দু বছরের নির্বাচনে 'সাদা' প্যানেল সংখ্যাগরিষ্ঠ আসনে বিজয়ী হওয়ায় 'নীল' প্যানেল অপেক্ষাকৃত বেশি তৎপরতা চালাচ্ছে। তবে গত সেপ্টেম্বরে অনুষ্ঠিত ডিন নির্বাচনে 'নীল' প্যানেল এগিয়ে থাকায় তারা এবারের নির্বাচনেও আশাবাদ প্রকাশ করেছে। অপরদিকে গত দু বছরের নির্বাচনে 'সাদা' প্যানেল সংখ্যাগরিষ্ঠ আসনে বিজয়ী হওয়ায় এবারো তারা অনুরূপ ফল আশা করছেন।

নির্বাচনে সহস্রাধিক শিক্ষক ভোট দেবেন বলে জানা গেছে। ভোট গ্রহণ করা হবে টিএসসিতে। ভোট গ্রহণ শুরু হবে সকাল ৯টায়।

প্রতিদ্বন্দ্বী নীল প্যানেলের প্রার্থীরা হলেন ঃ সভাপতি পদে পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক আর আইএম আমিনুর রশীদ, সাধারণ সম্পাদক পদে প্রাণরসায়ন বিভাগের অধ্যাপক মোঃ আনোয়ার হোসেন, সহ-সভাপতি ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক আবদুল মান্নান চৌধুরী, কোষাধ্যক্ষ পদে অর্থনীতির অধ্যাপক মোঃ আশরাফ উদ্দিন চৌধুরী, যুগ্ম সম্পাদক ব্যবস্থাপনা বিভাগের সহযোগী অধ্যাপক হাসিবুর রশীদ; সদস্যরা হলেন বাংলা বিভাগের অধ্যাপক এটিএম নূরুর রহমান খান, কলা অনুষদের ডিন অধ্যাপক ডঃ কাজী শহীদুল্লাহ, লোক প্রশাসন বিভাগের অধ্যাপক সৈয়দ গিয়াস উদ্দিন আহমেদ, আইইআর-এর অধ্যাপক মোঃ জালাল উদ্দিন রুমি, বাংলা বিভাগের অধ্যাপক মোহাম্মদ মনিরুজ্জামান, ভূগোল ও পরিবেশ বিজ্ঞানের সহযোগী অধ্যাপক নাসরিন আহমদ, রসায়নের অধ্যাপক মোঃ মুহিবুর রহমান, পদার্থ বিজ্ঞানের অধ্যাপক মেসবাহউদ্দিন আহমেদ ও ইতিহাসের সহযোগী অধ্যাপক শরিফুল্লাহ ভুঁইয়া।

অপরদিকে সাদা দলের প্রার্থীরা হলেন সভাপতি বিএনপি আমলের নিযুক্ত পিএসসির চেয়ারম্যান ও মৃত্তিকা বিজ্ঞানের অধ্যাপক এএসএম ফায়েজ, সাধারণ সম্পাদক-. বর্তমান সাধারণ সম্পাদক ও রাষ্ট্র- বিজ্ঞানের সহযোগী অধ্যাপক মোঃ ফেরদৌস হোসেন, সহ-সভাপতি ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের অধ্যাপক ডঃ আনোয়ার হোসেন, কোষাধ্যক্ষ অর্থনীতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক আবু আহমেদ, যুগ্ম সম্পাদক ফিনান্স বিভাগের সহযোগী অধ্যাপক মাহমুদ ওসমান ইমাম; সদস্য পদপ্রার্থীরা হলেন মৃত্তিকা বিজ্ঞান বিভাগের অধ্যাপক ডঃ আনোয়ার উল্লাহ চৌধুরী, বর্তমান সভাপতি ও পদার্থ বিজ্ঞানের অধ্যাপক ডঃ আ ফ ম ইউসুফ হায়দার, ইতিহাসের অধ্যাপক আবদুল মোমিন চৌধুরী, বাংলার অধ্যাপক আবুল কালাম মঞ্জুর মোর্শেদ, উদ্ভিদ বিজ্ঞানের চেয়ারম্যান অধ্যাপক জিন্নাতুন নিসা তাহমিদা বেগম, সমাজ বিজ্ঞানের সহযোগী অধ্যাপক মাসুদা এম রশীদ চৌধুরী, প্রাণিবিদ্যার অধ্যাপক মোঃ আমজাদ হোসেন, প্রাণরসায়নের অধ্যাপক খলিলুর রহমান, ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের অধ্যাপক ডঃ রহিম বি তালুকদার।